

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৩

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১২, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর দানশীলতা সম্পর্কে

باب في سخاء النبي صلى الله عليه وسلم

আরবী

أَخْبُرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي خَلَف، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مُحَمَّد، عَنْ مُحَمَّد بْنِ إِسْحَاق، قَالَ: حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ أَبِي بَكْنٍ عَنْ رَجُل مِنَ الْعَرَبِ قَالَ: زَحَمْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ حُنَيْنِ وَفِي رِجْلَيَّ نَعْلٌ كَثِيفَةٌ، فَوَطِئْتُ بِهَا عَلَى رِجْلِ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَنَفَحنِي نَفْحَةً بِسَوْطٍ فِي يَدِهِ وَقَالَ: «بِسِم اللَّهِ وَسَلَّمَ فَنَفَحنِي نَفْحَةً بِسَوْطٍ فِي يَدِهِ وَقَالَ: «بِسِم اللَّهِ أَقُولُ: أَوْجَعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، أَقُولُ: أَوْجَعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، أَقُولُ: أَوْجَعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَاللَّهِ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَاللَّهِ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَاللَّهِ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَاللّهِ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَاللّهِ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَاللّهِ اللّهِ عَلَى مَنْ وَطِئْتَ بِالْأَمْسِ قَالَ: فَانْطَلَقْتُ وَأَنَا مُتَحْوِفٌ، فَقَالَ لِي رَسُولُ اللّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّكَ وَطِئْتَ بِنَعْلِكَ عَلَى رِجْلِي بِالْأَمْسِ فَأَوْجَعْتَنِي، فَنَفَحْتُكَ نَفْحَةً اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّكَ وَطِئْتَ بِنَعْلِكَ عَلَى رِجْلِي بِالْأَمْسِ فَأَوْجَعْتَنِي، فَنَفَحْتُكَ نَفْحَةً اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّكَ وَطِئْتَ بِنَعْلِكَ عَلَى رِجْلِي بِالْأَمْسِ فَأَوْجَعْتَنِي، فَنَفَحْتُكَ نَفْحَةً إِللّهِ اللّهَ عَلَيْهِ فَمَانُونَ نَعْجَةً، فَخُذْهَا بِهَا

في إسناده مدلسان: عبد الرحمن بن محمد المحاربي ومحمد بن إسحاق ولكن محمد بن إسحاق قد عنعن وإبهام بن إسحاق قد صرح بالتحديث فانتفت شهبة التدليس وأما المحاربي فقد عنعن وإبهام الصحابي لا يضر الحديث فكلهم عدول

বাংলা

৭৩. আব্দুল্লাহ ইবনু আবু বকর রাদ্বিয়াল্লাহু আনহু একজন বেদুইন হতে বর্ণনা করেছেন, তিনি বলেন, আমি হুনাইন যুদ্ধের দিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সাথে ভীড়ের মধ্যে (দাঁড়িয়ে) ছিলাম। আমার পায়ে মোটা তলাবিশিষ্ট জুতা ছিল। (অসাবধানতাবশত) আমার জুতা দ্বারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর পা মাড়িয়ে ফেলি। তখন তিনি তাঁর হাতের চাবুক দিয়ে আমাকে হান্ধাভাবে আঘাত করলেন এবং



বললেন: আল্লাহর নামে কসম করে বলছি, তুমি আমাকে ব্যথা দিয়েছ।' বর্ণনাকারী বলেন, আমি রাতভর নিজেকে ধিক্কার দিতে থাকলাম। (আর মনে মনে) বলতে লাগলাম, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ব্যথা দিলাম! আমি রাতটা যে কিভাবে (কি কষ্টে) কাটালাম তা আল্লাহই ভাল জানেন। সকালবেলা এক ব্যক্তি এসে বললো, অমুক কোথায়? আমি তখন (মনে মনে) বললাম, আল্লাহর কসম, নিশ্চয়ই আমার গতকালের সেই ব্যাপারটাই হবে। ভয়ে ভয়ে আমি চলতে লাগলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে বললেন: 'কাল তুমি তোমার জুতা দিয়ে আমার পা মাড়িয়ে দিয়েছিলে, আর এভাবে তুমি আমাকে ব্যথা দিয়েছিলে। ফলে আমি তোমাকে চাবুক দিয়ে আঘাত করেছিলাম। সে কারণে এ আশিটি উট (তোমাকে দিলাম)। এগুলো নিয়ে যাও।"[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদে দু'জন মুদাল্লিস (শাইখের নাম গোপনকারী) রাবী রয়েছে। আর মুহাম্মদ ইবনু ইসহাক এটি 'হাদ্দাছানা' বলে বর্ণনা করলেও অপরজন মুহারিবী এটি 'আন'আন' শব্দে বর্ণনা করেছেন।

তাখরীজ: (শাইখ দারানী এর কোন তাখরীজ দেননি; ফতহুল মান্নানে বলা হয়েছে, এ হাদীসটি একমাত্র এ লেখক ছাড়া আর কোথাও আছে বলে জানতে পারিনি।'- অনুবাদক)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন